

প্রজ্ঞাপন

১২/৫/১০/৬২

৩৭৫০
১২/৫/১০/৬২

তারিখ ২৫ শে জ্যৈষ্ঠ, ১৪০২/০৮ ই জুন, ১৯৯৫ ইং।

নং অম/অসবি-৩/সনুসুয়/এস-১/৯০(অংশ-২)/২৬৬ — গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আগামী ২ রা জুলাই, ১৯৯৫ ইং / ১৮ ই আষাঢ়, ১৪০২ বাংলা রবিবার হইতে বর্তমানে প্রচলিত ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের পরিবর্তে, নিম্নলিখিত শর্তাবলীর ভিত্তিতে, ১০০ টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড বাজারে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে : —

১) যেখান হইতে বিক্রয় করা হইবে :

- ক) বাংলাদেশ ব্যাংকের সকল অফিস,
- খ) সকল বানিজ্যিক ব্যাংক, স্মিল ব্যাংক এবং কৃষি ব্যাংক,
- গ) জাতীয় সনুসুয় ব্যুরো,
- ঘ) সকল হেড পোস্ট অফিস এবং সাব-পোস্ট অফিস।

২) প্রত্যেক সিরিজে ১০ (দশ) লক্ষ পিস (যাহার মোট মূল্য দশ কোটি টাকা) প্রাইজবন্ড ইস্যু করা হইবে।

৩) প্রাইজবন্ডের উপর কোন প্রকার সুদ প্রদেয় নহে।

৪) পুরস্কারের জন্য "ড্র" পদ্ধতি :

ক) এই বন্ডের প্রথম "ড্র" অনুষ্ঠিত হইবে ৩১ শে অক্টোবর '৯৫ ইংরেজী তারিখে।

খ) পরবর্তীতে ১০০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের "ড্র" প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হইবে। অর্থাৎ প্রতি বছর ৩১ শে জানুয়ারী, ৩০শে এপ্রিল, ৩১ শে জুলাই এবং ৩১ শে অক্টোবর এই "ড্র" অনুষ্ঠিত হইবে। পুরস্কার প্রদানের জন্য সাধারণ ও প্রচলিত "ড্র" পদ্ধতি অনুসরণ করা হইবে, এবং পুরস্কার প্রাপ্তি নম্বর সকল সিরিজের জন্য প্রযোজ্য হইবে।

গ) নির্ধারিত কোন তারিখে কখনো সরকারী ছুটি থাকিলে ছুটির পর সরকারী কার্যদিবসে "ড্র" অনুষ্ঠিত হইবে।

ঘ) "ড্র" অনুষ্ঠানের পর পুরস্কারপ্রাপ্তি নম্বরসমূহ জনসাধারণের জ্ঞাতার্থে সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হইবে।

ঙ) যে তারিখে "ড্র" অনুষ্ঠিত হইবে সেই তারিখ হইতে ০২ (দুই) মাস পূর্বে (বিক্রয়ের তারিখ হইতে এবং "ড্র" এর তারিখ বাদ দিয়া) যে সমস্ত বন্ড বিক্রয় হইবে সেইগুলি আসন্ন "ড্র" - এর আওতায় আসিবে। অর্থাৎ বন্ড নির্দেশিত বিক্রয় তারিখ হইতে ন্যূনতম ০২ (দুই) মাস অতিক্রমের পর উক্ত বন্ড "ড্র" - এর আওতায় আসিবে।

৫) "ড্র" কমিটি :

ক) সরকার কর্তৃক নিয়োজিত "ড্র" কমিটি কর্তৃক প্রাইজবন্ডের "ড্র" অনুষ্ঠিত হইবে।

খ) সরকার কর্তৃক নির্ধারিত স্থানে ঢাকায় উক্ত বন্ডের সকল "ড্র" অনুষ্ঠিত হইবে।

১৩) পুরস্কারের অর্থ :

ক) ১০০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের প্রতি "৬" -তে প্রতি সিরিজে নিম্নমূল্যমান পুরস্কার প্রদান করা হইবে :-

ক্রমিক নং	পুরস্কারের নাম	প্রতিটি মূল্য (টাকায়)	প্রতিটির সংখ্যা	মোট মূল্য (টাকায়)
০১।	১ম পুরস্কার	টাঃ ১০,০০,০০০/-	০১ (এক)টি	টাঃ ১০,০০,০০০/-
০২।	২য় পুরস্কার	টাঃ ৫,০০,০০০/-	০১ (এক)টি	টাঃ ৫,০০,০০০/-
০৩।	৩য় পুরস্কার	টাঃ ১,০০,০০০/-	০২ (দুই)টি	টাঃ ২,০০,০০০/-
০৪।	৪র্থ পুরস্কার	টাঃ ৫০,০০০/-	০৪ (চার)টি	টাঃ ২,০০,০০০/-
০৫।	৫ম পুরস্কার	টাঃ ২৫,০০০/-	১২ (বার)টি	টাঃ ৩,০০,০০০/-
০৬।	৬ষ্ঠ পুরস্কার	টাঃ ১০,০০০/-	৩০ (ত্রিশ)টি	টাঃ ৩,০০,০০০/-
সর্বমোট =				৫০ (পঞ্চাশ)টি টাঃ ২৫,০০,০০০/-

খ) পুরস্কারের অর্থ আয়কর এবং অন্যান্য করসহ গ্রহণযোগ্য থাকিবে, তবে সরকার প্রজ্ঞাপন দ্বারা সময়ে সময়ে ইহা পরিবর্তন করিতে পারিবে।

গ) পুরস্কারের অর্থ পরিশোধ প্রসঙ্গে :

পুরস্কার বিজয়ী বন্ডধারী^{সুরাসরি} অথবা যে কোন ব্যাংকের মাধ্যমে "৬" অনুষ্ঠানের তারিখের ০২ (দুই) বছরের মধ্যে বাংলাদেশ ব্যাংকের যে কোন অফিসে পুরস্কার বিজয়ী প্রাইজবন্ডটি সহ নির্ধারিত করমে তাহার দাবী উপস্থাপন করিতে পারিবে।

ঘ) পুরস্কার বিজয়ীকে পুরস্কারের অর্থ বাংলাদেশ ব্যাংকের অফিসগুলির মাধ্যমে (পুরস্কার বিজয়ী যে অফিসের মাধ্যমে দাবী পেশ করিবে) প্রদান করা হইবে।


ঙ) পুরস্কার প্রাপ্ত বন্ডটি কেয়লং দেওয়া হইবে না। তবে, উহার অভিজিত মূল্য পুরস্কারের অর্থের সংগে প্রদান করা হইবে।

চ) একই পুর প্রাইজবন্ড বাংলাদেশ ব্যাংক, পোস্ট অফিস, জাতীয় সঞ্চয় ব্যুরো এবং তফশিলী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকের যে কোন শাখায় অবাধে ভাংগানের সুযোগ থাকিবে।

ছ) ১৫ ই জুন, ১৯৯৫ ইং তারিখের পর ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমানের প্রাইজবন্ডের আর কোন "৬" অনুষ্ঠিত হইবে না।

জ) বাংলাদেশ ব্যাংক, পোস্ট অফিস, জাতীয় সঞ্চয় ব্যুরো, এবং তফশিলী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকের যে কোন শাখা হইতে বন্ডধারীদের চাহিদানুযায়ী ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের বিনিময় মূল্য নগদ অথবা সমমূল্যের ১০০ টাকা মূল্যমানের প্রাইজবন্ড প্রদান করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আবুল বাসার জেয়াদ্দার)
উপ-সচিব।

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

এ অবিলম্বে বাংলাদেশ সরকারী গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ ১০০ টা (একশত) কপি অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।


৫০

নং স্ম/অসবি-৩/সকুম/এস-১/৯৩(অংশ-২)/২৬৬৫৫

তারিখ : ০৮-০৬-১৯৯৫ খ্রিঃ
২৫-০২-১৯০২ বাং

সদস্য অবপতির জন্য অবগতিপি প্রেরণ করা হইল :

- ১। সকল পটিব ।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা ।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা ।
- ৪। হিসাব মহাবিদ্যালয়, বাংলাদেশ, ঢাকা ।
- ৫। পরিচালক, জাতীয় সকুম পরিদপ্তর, ঢাকা । তাঁহাকে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে অনুরোধ করা হইল ।


< মোঃ আবুল বাসার জোয়ার্দার >
উপ-পটিব । 